গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৬.১১.০৬৮.১৫ (অংশ-১) -

তারিখ: ৩০-০৭-১৪২৪ বঙ্গাব্দ
১৪-১১-২০১৭ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭ আগস্ট, ২০১৭ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২১৯৩.১৭-৩১৮ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় রাজস্ব বোর্ডের আইটি অনুবিভাগের "সিনিয়র সিস্টেম এনালিস্ট" পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৫০০০০- ৭১২০০/- টাকার বেতনক্রমে (৪র্থ গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম | পিতার নাম | বর্তমান ও স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | ০০০০৩২ | কাজী মুহাম্মদ জিয়াউল হক (মুক্তিযোদ্ধার সন্তান) | শামছুল হক | ১৮/৯, পূর্ব রাজারবাগ<br>ডাকঘর: বাসাবো<br>থানা: সবুজবাগ<br>জেলা : ঢাকা |

০২। নিয়োগের শর্তাবলী :

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিসকাল আরও দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবে; শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(খ) "পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে"

(গ) এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর স্বাস্থ্য অধিদপ্তরে উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। অত:পর স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের মূলকপি সংগ্রহ করে চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;

(ঘ) চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং নাগরিকত্ব সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে;

(ঙ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সঙ্গে সম্পাদন করতে হবে। নির্ধারিত প্রশিক্ষণ ও শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্তের পর তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(চ) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার তিন বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন এবং তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্যকাজে অনুপস্থিত থাকেন তাহলে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক গৃহীত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারি বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক গ্রহণ কিংবা প্রদান করবেন না;

(ঝ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী তাঁকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ঞ) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি প্রচলিত সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(ট) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঠ) যদি তিনি কোন দপ্তর/সংস্থায় বর্তমানে চাকরিরত হয়ে থাকেন তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি নিয়ে অব্যাহতিপত্রের সত্যায়িত অনুলিপি যোগদানপত্রের সাথে জমা দিতে হবে;

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

(ড) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুযায়ী তাঁর চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(ঢ) এ চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোন দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না;

(ন) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

০৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৬ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ/৩০ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত<br>(মো: নজিবুর রহমান)<br>সিনিয়র সচিব

নং-০৮.০০.০০০০.০৩৬.১১.০৬৮.১৫ (অংশ-১) -১০৯৬/১(১২) তারিখ: ৩০-০৭-১৪২৪ বঙ্গাব্দ / ১৪-১১-২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. যুগ্মসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যোগদানের জন্য আগত কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের সুপারিশসহ)।
৭. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।
৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
১১. শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১২. কাজী মুহাম্মদ জিয়াউল হক, পিতা : শামছুল হক, ১৮/৯ পূর্ব রাজারবাগ, ডাকঘর : বাসাবো, থানা : সবুজবাগ, জেলা : ঢাকা।

১৪/১১/১৭

(দিলিপ কুমার সরকার)<br>সহকারী সচিব<br>ফোন-০২ ৯৫৪০২০৮

D:\Habib\Letters\Appointment.docx